

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিলমারী, কুড়িগ্রাম।

www.chilmari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০.০৪.০০১ - ২১০ (২০০)

তারিখঃ ১৭/০৪/২০২৩খ্রিঃ


পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুযায়ী কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য অগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১(এক)	অনুর্ধ্ব ৪৫ বছর	১৫,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/ দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবে। গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১(এক)	অনুর্ধ্ব ৩০ বছর	১০,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে /মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবে।
০৩	খাদিম	০২(দুই)	অনুর্ধ্ব ৩০ বছর	৭,৫০০/-	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিক সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে /খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) মোবাইল নম্বর এবং (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ-
(ক) পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি রঙিন পাসপোর্ট ছবি।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত চারিত্রিক সনদের মূল কপি।
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
(ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- আবেদনকারী প্রার্থীকে ইমাম পদের জন্য ৭০০/- (সাতশত), মুয়াজ্জিন ৭০০/- (সাতশত), খাদেম ৫০০/- (পাঁচশত) টাকা মানের অফেরত যোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফ উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম বরাবর করতে হবে।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী কুড়িগ্রাম বরাবর আগামী ০৯/০৫/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। কোন অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদন বাতিল করা হবে।
- প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার সুপারিশ/তদরির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তি যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
- পূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
- আবেদন ফরমটি www.chilmari.kurigram.gov.bd হতে পাওয়া যাবে।



(মোঃ মাহবুবুর রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র জনবল নিয়োগ কমিটি
চিলমারী, কুড়িগ্রাম।

অনুলিপি :

- জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
- উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কুড়িগ্রাম।
- চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
- সংশ্লিষ্ট নথি।